ইত্তেফাক

তারিখ ... 25.7.80 ...
পৃষ্ঠা ... 1 ... কলাম 5 ...

100

# ইসলামী শিক্ষা ও গবেষণা বিলের উপর আলোচনা

(ইত্তেফাক রিপোর্ট)

দেশে একটি ইসলামী শিক্ষা ও গবেষণা ইনষ্টিটিউট স্থাপনের উদ্দেশ্যে আনীত '১৯৮০ সনের ইসলামী শিক্ষা ও গবেষণা বিলের' আলোচনা অনুষ্ঠিত হয়। আলোচনায় বিরোধী সদস্যগণ বলেন, বিলটি গণবিরোধী এবং ইহার উদ্দেশ্যও সত্যিকার অর্থে ইসলামী আদর্শ বাস্তবায়নের পরিপন্থী।

গতকাল আলোচনায় অংশ নেন আওয়ামী লীগের (মালেক) সর্বজনাব আবদুল জাব্বার, এ, বি,এম তালেব আলী, মিঃ সুধাংশু শেখর হালদার, মিঃ প্রফুল্ল কুমার শীল, সালাহউদ্দিন ইউসুফ, মোহাম্মদ মহসিন, অধ্যক্ষ নজরুল ইসলাম, নজরুল ইসলাম, জাসদের শাজাহান সিরাজ, গণফ্রন্টের এ, এস, এম, সোলায়মান ও মুসলিম লীগের আলমাস হোসেন।

জনাব আবদুল জাব্বার বলেন, এ বিলের উদ্দেশ্য উপরে ইসলামের লেবাস, ভেতরে অন্য কিছু। এ সরকারের আমলে প্রথম হইতেই আমরা ইহা দেখিয়া আসিতেছি।

জনাব এ, বি, এম, তালেব আলী বলেন, ১৯৭২ হইতে ৭৫ পর্যন্ত ইসলামের নামে না

(৮ম পৃঃ ৫-এর কঃ দ্রঃ)

## ইসলামী শিক্ষা ও গবেষণা

(১ম পৃঃ পর)

হইলেও আমরা কিছু কিছু ইসলামের কাজ করিয়াছি। আমরাই মদ, জুয়া, সোহরাওয়ার্দী উদ্যানের রেস বন্ধ করিয়াছিলাম। 'হককুল ইবাদ' বা মানুষের অধিকার প্রতিষ্ঠার জন্য আমরা সমাজতন্ত্র কায়েমের পদক্ষেপ নিয়াছিলাম। তিনি বলেন, ধর্মনিরপেক্ষতা অর্থ ধর্মহীনতা নয়— সকল ধর্মের স্বীকৃতি। স্বাধীনতার পর পাকিস্তানসহ কোন কোন দেশ মুসলমানদের নিকট আমাদের বৈরী করার উদ্দেশ্যে অপপ্রচার চালায়।